

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এম এম আই এম বিদ্যাপুর ১, ঢাকা।			
ডায়েরী নং- ২৭৪৬	তারিখ- ৬/৬/২০	প্রকৌশলী- [স্বাক্ষর]	
অ: স:	স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:
			N

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.১৪.০৯৫.১৩.১৭৩

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮

০৬ জুন ২০২১

বিষয়: নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নায়ী বাংলাদেশ ৪টি মেরিন একাডেমি স্থাপন (পাবনা, বরিশাল, সিলেট ও রংপুর) শীর্ষক প্রকল্পের ২০২০-২০২১ অর্থ বছরের এডিপি বরাদ্দ হতে আববাবপত্র সরবরাহের জন্য অর্থ বরাদ্দ।

সূত্র: (০১) যুগ্ম-সচিব ও প্রকল্প পরিচালকের স্মারক নং/৫০ তারিখ-১৪/০২/২০২১ খ্রিঃ

(০২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং/১০৭২ তারিখ-২৪/০৫/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২০-২০২১ আর্থিক সালে খরচ করার জন্য মোট ২০০.০০ লক্ষ (দুই কোটি টাকা) টাকা নিম্ন বর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো।

(টাকা লক্ষ টাকায়)

ক্রমিক	গ্রুপ	টাকা
০১	পাবনা, বরিশাল, সিলেট, রংপুর	২০০.০০ লক্ষ
	মোট=	২০০.০০ লক্ষ

উক্ত খরচ সূত্রস্ব ১ নং স্মারকের মাধ্যমে যুগ্ম-সচিব ও প্রকল্প পরিচালক, বাংলাদেশ ৪টি মেরিন একাডেমি স্থাপন (পাবনা, বরিশাল, সিলেট ও রংপুর) (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্প, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা এর মাধ্যমে মঞ্জুরিকৃত এবং সূত্রস্ব ২ নং স্মারকের দ্বারা প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ২০০.০০ লক্ষ টাকা হিসাবের কোড নং ২২৪০৯২২০০ (আসবাবপত্র কোড নং- ৪১১২৩১৪) খাতের ২০২০-২০২১ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

শর্তসমূহঃ

- প্রত্যাশি সংস্থার সাথে যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ যোগ্য।
- বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরের/ প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথা সময়ের মধ্যে এ দপ্তরের নিকট সমর্পণ করতে হবে।

৬-৬-২০২১

মোঃ শহিদুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমস্বয়)

ফোন: ০২-৯৫৬৮৯১৪

নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম কাঠের কারখানা বিভাগ,

ঢাকা।

ফ্যাক্স: ০২-৯৫৫৪৬২৪

ইমেইল: se\_coord@pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.১৪.০৯৫.১৩.১৭৩/১(১২)

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪২৮  
০৬ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/(পওবিপ্র)/(ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩) মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমস্বয়)/(মনিটরিং এন্ড অডিট)/(পেকু), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল,-৩, ঢাকা।
- ৬) যুগ্ম-সচিব ও প্রকল্প পরিচালক, বাংলাদেশ ৪টি মেরিন একাডেমি স্থাপন (পাবনা, বরিশাল, সিলেট ও রংপুর) (৩য় সংশোধিত) শীর্ষক প্রকল্প, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা তাঁর সূত্রস্থ স্মারক ও তারিখ এর বরাতে।
- ৭) প্রধান প্রকৌশলী মহোদয়ের ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৮) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৯) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। ইহা তাঁর সূত্রস্থ স্মারক ও তারিখ এর বরাতে।
- ১০) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয় ইন, সিজিএ ভবন, (নীচ তলা) সেগুনবাগিচা, ঢাকা।
- ১১) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১২) গার্ড ফাইল, হিসাব শাখা-১/ হিসাব সেল, অত্র অধিদপ্তর, ঢাকা।

৬-৬-২০২১

মোঃ শহিদুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমস্বয়)